

প্রেস রিলিজ
১০ নভেম্বর ২০২৫

বাউবিতে স্বয়ংক্রিয় ও নিরাপদ পরীক্ষা ব্যবস্থাপনা বাস্তবায়নে সভা অনুষ্ঠিত :

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) আইসিটি-ভিত্তিক স্বয়ংক্রিয় ও নিরাপদ পরীক্ষা ব্যবস্থাপনা বাস্তবায়নের লক্ষ্যে গঠিত ICT Implementation Monitoring Committee (IIMC)-এর প্রথম সভা গত ৯ নভেম্বর (রবিবার) বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন, বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। সভাপতির বক্তব্যে উপাচার্য বলেন, “পরীক্ষা ব্যবস্থায় স্বচ্ছতা, নিরাপত্তা এবং সময়ানুবর্তিতা নিশ্চিত করতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ভিত্তিক স্বয়ংক্রিয় পদ্ধতির কোনো বিকল্প নেই। বিশ্ববিদ্যালয়ের ডিজিটাল রূপান্তর বাস্তবায়নে এটি একটি গুরুত্বপূর্ণ ধাপ।”

সভায় জানানো হয়, পরীক্ষার্থীদের জন্য ছবিসহ প্রবেশপত্র ও স্বতন্ত্র হাজিরা শিট সরবরাহের কার্যক্রম ইতোমধ্যে বিএ ও বিএসএস পরীক্ষা ২০২৪ থেকে সফলভাবে চালু করা হয়েছে। পরীক্ষার ফলাফল প্রস্তুত ও যাচাই প্রক্রিয়া স্বয়ংক্রিয় করতে পরীক্ষা ব্যবস্থাপনা পদ্ধতি (EMS) উন্নয়নের কাজও চলমান রয়েছে। ডাটা নিরাপত্তা নিশ্চিত করতে ভূমিকা-ভিত্তিক প্রবেশাধিকার নিয়ন্ত্রণ ও এনক্রিপশন-সক্ষম নিরাপত্তা নীতি (Role-based Access Control ও Encryption-enabled Security Policy) বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। একইসঙ্গে পরীক্ষা কার্যক্রম আরও দক্ষভাবে পরিচালনার জন্য আইসিটি ইমপ্লিমেন্টেশন টিম, সাপোর্ট সেল ও কল সেন্টার গঠনের বিষয়ে নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম এবং আইসিটি কনসালট্যান্ট জনাব মোঃ মুমিনুল ইসলাম উপস্থিত ছিলেন।



মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)